

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়
নির্বাচন ভবন, আগারগাও, ঢাকা।
www.ecs.gov.bd

জনসংযোগ অধিশাখা

নং-১৭.০০.০০০০.০৪০.১৭.০১৬.১৯- ১৩১

তারিখ: ১৬ মে, ২০২২ খ্রিস্টাব্দ


সংবাদ বিজ্ঞপ্তি

আগামীকাল ১৭ মে ২০২২ মঙ্গলবার কুমিল্লা সিটি কর্পোরেশনসহ, ৬টি পৌরসভা ও ১৩৮টি ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচনের মনোনয়নপত্র দাখিলের শেষ দিন।

এসব নির্বাচনে মনোনয়নপত্র দাখিলের সময় কোন ধরনের শো-ডাউন করা যাবে না। আচরণবিধি অনুযায়ী কোন প্রার্থী ০৫ (পাঁচ) জনের বেশি সমর্থক নিয়ে মনোনয়নপত্র দাখিল করতে পারবেন না।

সিটি কর্পোরেশন নির্বাচন (নির্বাচন আচরণ) বিধিমালা, ২০১০ এর বিধি ৬ এর উপবিধি ৪ অনুযায়ী রিটার্নিং বা সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের সময় কোন প্রকার মিছিল কিংবা শো-ডাউন করা যাবে না বা কোন প্রার্থী ০৫ (পাঁচ) জনের অধিক সমর্থক নিয়ে মনোনয়নপত্র সংগ্রহ বা জমা দিতে পারবেন না। নির্বাচন পূর্ব সময় অর্থাৎ নির্বাচনি তফসিল ঘোষণা হতে নির্বাচনের ফলাফল গেজেটে প্রকাশের তারিখ পর্যন্ত কোন প্রকার মিছিল বা কোনরূপ শো-ডাউন করা যাবে না।

নির্বাচনি আচরণবিধি লংঘন শাস্তিযোগ্য অপরাধ। এ বিধান লংঘন করলে অনধিক ৬মাস কারাদণ্ড অথবা অনধিক ৫০ হাজার টাকা অর্থদণ্ড বা উভয়দণ্ডে দণ্ডনীয় হবেন।



(এস এম আসাদুজ্জামান)
পরিচালক (জনসংযোগ)
ও যুগ্মসচিব (সিসি)
ফোন: ৫৫০০৭৫২০